

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ১২, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৮

প্রজ্ঞাপন

তারিখ : ২৯ বৈশাখ, ১৪২৬ বঙ্গাব্দ/১২ মে, ২০১৯ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১২২-আইন/২০১৯।—মহানগর হাকিম আদালত নং-৭, ঢাকা-এ বিচারাধীন পিটিশন মামলা নং-১১০/১৫ Penal Code 1860 (Act No. XLV of 1860) এর ধারা-৩০২/৩০৪/১০৯ এর বিচার কার্যক্রম ঢাকা মহানগরের বকসি বাজার এলাকার সরকারি আলিয়া মাদ্রাসা ও সাবেক ঢাকা কেন্দ্রীয় কারাগার সংলগ্ন মাঠে পরিচালিত হইতেছে। নিরাপত্তাজনিত কারণে Code of Criminal Procedure, 1898 (Act.V of 1898) এর section 11 এর sub-section (2A) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার মহানগর হাকিম আদালত নং-৭, ঢাকা-এ বিচারাধীন পিটিশন মামলা নং-১১০/১৫ এর বিচার কার্যক্রম পরিচালনা করিবার জন্য কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জ, ঢাকা এর সম্মুখে নবনির্মিত ২ নং ভবনকে অঙ্গীয় আদালত হিসাবে ঘোষণা করিল এবং এতদ্বারা নির্দেশ প্রদান করিল যে, মহানগর হাকিম আদালত নং-৭, ঢাকা-এ বিচারাধীন পিটিশন মামলা নং-১১০/১৫ এর বিচার কার্যক্রম কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জ, ঢাকা এর সম্মুখে নবনির্মিত ২ নং ভবনের অঙ্গীয় আদালতে অনুষ্ঠিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম সারওয়ার
যুগ্মসচিব (প্রশাসন-১)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৫৫৮৫)

মূল্য : টাকা ৮.০০